



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিভাগীয় উপপরিচালকের কার্যালয়
প্রাথমিক শিক্ষা, চট্টগ্রাম বিভাগ
নন্দনকানন, চট্টগ্রাম-৪০০০
www.dpe.chittagongdiv.gov.bd



স্মারক নম্বরঃ ৩৮.০১.২০০০.০০০.০৮.০০৯.২৪-৭২৭

তারিখঃ ০১/০৪/২০২৪ খ্রিঃ

অফিস আদেশ

অত্র বিভাগের চট্টগ্রাম জেলার জেলা প্রাথমিক শিক্ষা অফিসার এর সুপারিশের প্রেক্ষিতে নিম্নবর্ণিত শিক্ষককে ১৯৫৯ সনের নির্ধারিত ছুটি বিশিমালা ৩ এর (১) এর (iii) বিধি মোতাবেক অর্ধগড় বেতনে অর্জিত ছুটিসহ নিম্নবর্ণিত শর্তে নিজ খরচে শিক্ষকের নামের পাশে বর্ণিত সময়ের জন্য বহিঃ বাংলাদেশ গমন ও অবস্থানের অনুমতি প্রদান করা হলো।

ক্রমিক নং	নাম, পদবী ও কর্মস্থল	মঞ্জুরীকৃত ছুটির সময়কাল	ভ্রমণের উদ্দেশ্য ও গন্তব্যস্থল
০১.	জনাব সেপ্তা বেগম, সহকারী শিক্ষক এয়ার আলী হাট সরকারি প্রাথমিক বিদ্যালয় পাঁচলাইশ, চট্টগ্রাম।	১৮/০৪/২০২৪ খ্রিঃ হতে ০২/০৫/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত অথবা যাত্রার তারিখ থেকে ১৫ (পনের) দিন	পবিত্র ওমরাহ পালনের জন্য সৌদি আরব গমন

শর্তাবলীঃ

- তিনি কোনক্রমেই নির্ধারিত সময়ের অতিরিক্ত সময় বিদেশে অবস্থান করতে পারবেন না।
- বিদেশে ভ্রমণকালে তিনি দেশীয় মুদ্রায় বেতন ভাতাদি প্রাপ্য হবেন।
- এ ভ্রমণে বাংলাদেশ সরকারের কোন আর্থিক সংশ্লিষ্টতা থাকবে না।
- ছুটি ভোগের পূর্বে নিয়ন্ত্রণকারী কর্তৃপক্ষকে অবহিত করতে হবে।
- অনুমোদিত ছুটি ভোগের পরে নির্ধারিত সময়ে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে জেলা প্রাথমিক শিক্ষা অফিসার আইনানুগ ব্যবস্থা গ্রহণ করবেন এবং সেপ্রেক্ষিতে প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা এর ০৮/১২/২০২১ তারিখের ৩৮.০০.০০০০.১০৭.১৮.০০২.২০১৭-১৬৮৯ নং পত্র মোতাবেক অনুমোদিত বহিঃবাংলাদেশ ছুটির পরবর্তী অননুমোদিত অনুপস্থিতির জন্য তিনি কোন বেতন ভাতাদি প্রাপ্য হবেন না।

স্বাক্ষরিত/-

(ড.মোঃ শফিকুল ইসলাম)

বিভাগীয় উপপরিচালক

ফোন: ০২৩৩৩৫৫২৫৩

Email: ddchitt@gmail.com

তারিখঃ ০১/০৪/২০২৪ খ্রিঃ

স্মারক নম্বরঃ ৩৮.০১.২০০০.০০০.০৮.০০৯.২৪-৭২৭/২

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নহে) :

- ০১। মহাপরিচালক (গ্রেড-১), প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, মিরপুর, ঢাকা-১২১৬।
- ০২। মহাপরিচালক, বর্হিগমন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
- ০৩। রাষ্ট্রদূত, বাংলাদেশস্থ সৌদি আরব দূতাবাস, ঢাকা।
- ০৪। পরিচালক, হযরত শাহজালাল(রা:) আন্তর্জাতিক বিমান বন্দর, ঢাকা/চট্টগ্রাম শাহ আমানত আন্তর্জাতিক বিমান বন্দর, চট্টগ্রাম।
- ০৫। ডিভিশনাল কম্প্রাইজার অব একাউন্টস, চট্টগ্রাম।
- ০৬। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, চট্টগ্রাম। উক্ত শিক্ষক ছুটি শেষে কর্মস্থলে যোগদান করতে ব্যর্থ হলে শিক্ষকের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করে অত্রাফিসকে অবহিত করবেন।
- ০৭। থানা শিক্ষা অফিসার, পাঁচলাইশ, চট্টগ্রাম। বর্ণিত শিক্ষক ছুটি শেষে কর্মস্থলে যোগদানের বিষয়টি নিশ্চিত করে এ কার্যালয়কে অবহিত করবেন এবং বর্ণিত শিক্ষকের ছুটি/অনুপস্থিতকালীন বিদ্যালয়ে পাঠদান কার্যক্রম ব্যাহত হলে প্রত্যয়ন প্রদানকারী থানা শিক্ষা অফিসার ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।
- ০৮। জনাব সেপ্তা বেগম, সহকারী শিক্ষক, এয়ার আলী হাট সরকারি প্রাথমিক বিদ্যালয়, পাঁচলাইশ, চট্টগ্রাম।
- ০৯। সংরক্ষণ নথি।

(ড.মোঃ শফিকুল ইসলাম)

বিভাগীয় উপপরিচালক